


সংবাদ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২০”-এর গত ১৮ অক্টোবর ২০২০ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২-১৫২ নং স্মারকে জারীকৃত বিজ্ঞপনের আলোকে ৩য় ধাপে ০৩ জুন ২০২২ তারিখে ৩২ জেলায় [১৮ জেলার সম্পূর্ণ (জয়পুরহাট, বগুড়া, পাবনা, চুয়াডাঙ্গা, নড়াইল, মেহেরপুর, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, কক্সবাজার, ঝালকাঠী, ভোলা, বরগুনা, সিলেট, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, ও পঞ্চগড়) এবং ১৪ জেলার আংশিক (নওগাঁ, নাটোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা, বাগেরহাট, জামালপুর, রাজবাড়ী, পিরোজপুর, পটুয়াখালী, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কুড়িগ্রাম ও গাইবান্ধা)] গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সর্বমোট ৫৭,৩৬৮ (সাতায় হাজার তিনশত আটষট্টি) জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে:

- ক. এ ফলাফল সাময়িক ফলাফল হিসেবে গণ্য হবে। এ ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ ফলাফল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২০”-এর কোন শূন্য পদে নিয়োগের জন্য কোন নিশ্চয়তা প্রদান করে না।
- খ. প্রকাশিত ফলাফলের যে কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ত্রুটি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- গ. কোন প্রার্থী ইচ্ছাকৃত কোন ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ফলাফল বা নির্বাচন বা প্রার্থিতা বাতিল করতে পারবে।
- ঘ. প্রার্থীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে “সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯,” অনুসরণপূর্বক নিয়োগের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।
- ঙ. চূড়ান্ত ফলাফলে প্রতিটি উপজেলা/শিক্ষা থানার জন্য নিয়োগযোগ্য প্রার্থীদের তালিকা ব্যতীত কোন অপেক্ষমান তালিকা/প্যানেল প্রস্তুত করা হবে না।
- চ. মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তীতে যথাসময়ে প্রার্থীদের জানানো হবে।
- ২। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর ক্রমানুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd) -এ পাওয়া যাবে।



(মনিষ চাক্ৰা)

যুগ্মসচিব

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন-৫৫০৭৪৯১৮